



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board



অফিস

প্রধান চিকিৎসা কর্মকর্তার দপ্তর

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

ফোন-৫৭১৬৪৩৪২, মোবাইল : ০১৮১৯-২৪৪০১৩

সূত্র নং- বিউবো (সিএমও)/বিবিধ/২০২০/২৪৯


তারিখ : ০৪/০৩/২০২০ইং

সাকুলার

বর্তমানে চীনসহ বিশ্বের প্রায় ৮০ টি দেশে প্রাণঘাতী করোনা ভাইরাস (COVID-19) ছড়িয়ে পড়েছে। করোনা ভাইরাসের সম্ভাব্য সংক্রমণ থেকে নিরাপদ থাকার জন্য নিম্নবর্ণিত সচেতনতামূলক পদক্ষেপগুলো গ্রহণ করা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ে বিউবোর চেয়ারম্যান মহোদয়ের মৌখিক সম্মতিক্রমে অত্র সাকুলার জারী করা হলো।

- (ক) বাইরে থেকে এসে হাত ও মুখ সাবান-পানি দিয়ে ধুতে হবে অন্তত ২০ সেকেন্ড। দপ্তরে/কর্মস্থলে সেনিটাইজার ব্যবহার করা যেতে পারে।
- (খ) করমর্দন বা হ্যান্ডসেক এবং কোলাকুলি থেকে বিরত থাকা যেতে পারে। বিশেষ ক্ষেত্রে করমর্দন পরিহার সম্ভব না হলে, করমর্দন শেষে হাত ভাল ভাবে সাবান-পানি দিয়ে ধুতে হবে।
- (গ) লোক সমাগম এলাকায় না যাওয়ার জন্য পরামর্শ দেয়া হলো। তবে বিশেষ ক্ষেত্রে যাওয়ার প্রয়োজন পড়লে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।
- (ঘ) হাঁচি-কাশি হলে টিসু পেপার ব্যবহার করে নির্দিষ্ট স্থানে ফেলতে হবে।
- (ঙ) সর্দি কাশিতে আক্রান্ত ব্যক্তির সাথে কথা বলার সময় মাস্ক পরিধান করতে হবে।
- (চ) বাংলাদেশে এই ভাইরাসের প্রবেশ ও সংক্রমণ এড়াতে আক্রান্ত দেশ থেকে ভ্রমণ করে কেউ কোন উপসর্গ না নিয়ে ফিরলেও ১৪ (চৌদ্দ) দিন কোয়ারেন্টাইনে থাকার পরামর্শ দিয়েছেন সরকারী সংস্থা আইইডিসিআর।
- (ছ) যে সব দেশে এ রোগ ধরা পড়েনি সেখান থেকে ভ্রমণ শেষে ফিরলেও তাদেরকে যেন ১৪ (চৌদ্দ) দিন হোম কোয়ারেন্টাইনে থাকার পরামর্শ দিয়েছেন সরকারী উক্ত সংস্থা।

বিঃদ্রঃ উপরোক্ত বিষয়ে সকলের সহযোগিতা একান্ত কাম্য।



(ডাঃ মোঃ মাকসুদুর রহমান)
আইডি নং - ৬০০২১
প্রধান চিকিৎসা কর্মকর্তা
বিউবো, ঢাকা।

স্মারক নং-বিউবো(সিএমও)/বিবিধ/২০২০/ ২৪৯

তারিখ: ০৪/০৩/২০২০ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌঃ/প্রকল্প পরিচালক (সকল).....।
- ২। সচিব, বিউবো, ঢাকা।
- ৩। সিএসও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৪। ব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ পরিচালক.....।
- ৫। উপ-সচিব, সদস্য (প্রশাসন)/অর্থ/উৎপাদন/বিতরণ/পরিঃ ও উন্নয়ন/কোম্পানী এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী/সিনিঃ মেডিকেল অফিসার.....।
- ৭। সকল মেডিকেল অফিসার.....।
- ৮। অফিস কপি।


(ডাঃ মোঃ মাকসুদুর রহমান)
আইডি নং - ৬০০২১
প্রধান চিকিৎসা কর্মকর্তা
বিউবো, ঢাকা।